গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

নং-১০.০৭.০০০০.০০১.২৩.০২০.২০২১-২২৯

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

**বিষয়ঃ "জাতীয় আইনগত সহায়তা দিবস"- ২৮ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ উপলক্ষ্যে শ্লোগান প্রেরণ প্রসঙ্গে।**

উর্পযুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ এপ্রিল, ২০২২ জাতীয় আইনগত সহায়তা দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগসহ জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে । সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ২০১৩ সালে ২৮ এপ্রিল তারিখকে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' ঘোষণা করেন। সকল মানুষের ন্যায়বিচার নিশ্চিতকরণে সরকারের আইনগত সহায়তা কার্যক্রম প্রচার ও প্রসারের লক্ষ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এই দিবসটি প্রতি বছর পালন করা হয়।

০২। প্রতি বছরের ন্যায় এ বছরও ২৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' এর একটি তাৎপর্যপূর্ণ প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। ২০২১ সালের নির্বাচিত প্রতিপাদ্য ছিলোঃ

"বঙ্গবন্ধুর সোনার বাংলায় আইনের আশ্রয় লাভের অধিকার
লিগ্যাল এইডের মাধ্যমে নিশ্চিত করেছে শেখ হাসিনার সরকার"।

০৩। এমতাবস্থায় এ বছরে জেলা লিগ্যাল এইড অফিস এর কার্যক্রমের আওতাধীন 'সরকারি আইনগত সহায়তা' বা 'বিকল্প বিরোধ নিষ্পত্তি (মেডিয়েশন)' ব্যবস্থাকে শ্লোগানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে ছড়িয়ে দেওয়ার জন্য আপনার জেলা হতে দুই লাইন এর মধ্যে তাৎপর্যপূর্ণ শ্লোগান জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা বরাবর আগামী ১৫/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে monirul@nlaso.gov.bd এর ই-মেইলে জরুরী ভিত্তিতে সফট কপি ও পিডিএফ কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

02/12/2021 খ্রি.

**(মোঃ হাবিবুর রহমান চৌধুরী)**
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং- ৮৩৩-৩৯৭০

**কার্যাথে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, ---------(সকল)।

২। লিগ্যাল এইড অফিসার, ---------(সকল)।

৩। কোর্ট অফিসার, শ্রমিক আইন সহায়তা সেল, ঢাকা/চট্টগ্রাম।

**জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সং

৩। উপ-পরিচালক, (প্রশাসন/ অর্থ-হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৪। সহকারী পরিচালক, (প্রশাসন/ মনিটরিং ও উন্নয়ন/অর্থ-হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৬।গার্ড ফাইল/অফিস কপি/ওয়েব সাইট।